



রাবেয়া খাতুন কথাসাহিত্য পুরস্কার ২০২৩-এর জন্য উপন্যাস বা গল্পগ্রন্থ জমা প্রদানের আহ্বান

বাংলা একাডেমি 'রাবেয়া খাতুন স্মৃতি পরিষদ'-এর অর্থায়নে 'রাবেয়া খাতুন কথাসাহিত্য পুরস্কার ২০২৩' প্রদান করবে। 'রাবেয়া খাতুন কথাসাহিত্য পুরস্কার ২০২৩' প্রদানের জন্য ৪৯ (উনপঞ্চাশ) বছর বয়স পর্যন্ত (যাঁদের জন্ম ১৯৭৪ সালে বা তৎপরবর্তীকালে) কথাসাহিত্যিকদের ২০২২ সালে নতুন প্রকাশিত উপন্যাস বা গল্পগ্রন্থ এ পুরস্কারের জন্য বিবেচ্য হবে। নির্ধারিত বয়সের ১(এক) জন কথাসাহিত্যিককে ১টি গ্রন্থের ৭ (সাত) কপি ৩১শে আগস্ট ২০২৩-এর মধ্যে বাংলা একাডেমির সংস্কৃতি উপবিভাগে জমা দেওয়ার আহ্বান করা হচ্ছে।

গ্রন্থ প্রদানকালে কথাসাহিত্যিকের বয়স প্রমাণের নিমিত্ত সত্যায়িত জন্মনিবন্ধন সনদ/জাতীয় পরিচয় পত্র/পাসপোর্টের ফটোকপি জমা দিতে হবে। শুধু বাংলাদেশের নাগরিকই এ পুরস্কারের যোগ্য বিবেচিত হবেন। প্রয়াত ব্যক্তির গ্রন্থ পুরস্কারের জন্য বিবেচিত হবে না।

Shirifur Islam
ড. মোঃ শরিফুল ইসলাম

উপপরিচালক

সংস্কৃতি উপবিভাগ

বাংলা একাডেমি